

# আমার ইচ্ছে করে...



## পুষ্পিত স্বপ্ন

আমার ভীষণ ইচ্ছা আমি একটা রেস্টুরেন্ট খুলব, যাতে থাকবে দেশি রান্নার নানা পদ। কেন এখনকার বাচ্চারা নাগেটস খাবে? তারা জানুক নারকেলের নাড়ু, গজার স্বাদ। আরেকটা স্বপ্ন- আমি ব্যতিক্রমী শিশুদের স্কুলে বিনা বেতনে শিক্ষকতা করব। ওদের জীবনে সুবাস ছড়াব। তারা ফুলেল শাড়ি পরে রংধনুর টিপ দেবে, মেঘ দেবে কাজল আর বাদল দেবে নুপুর। জানি না আমার স্বপ্নগুলো পুষ্পিত স্বপ্ন হয়ে জীবন বাগান সাজাবে কিনা?

জেসমিন, ঢাকা

## মায়ের জন্য এই ইচ্ছে

ভালো কাজে পাশে থাকার প্রয়াস নিয়ে আমাদের পথচলা।

সমাজে একটা ভালো কাজ করতে



পারলে নিজের ভেতর অন্যরকম আত্মতৃপ্তি আসে। সব সময় চেষ্টা করি ভালো

কাজের পাশে থাকার। পৃথিবীর প্রতিটি মানুষের নানান ইচ্ছা থাকে, আমারও মনের মাঝে অনেক ইচ্ছা আছে। মাঝে মাঝে সে ইচ্ছা থেকে স্বপ্ন দেখি। কোনো স্বপ্ন বাস্তবে

রূপান্তরিত হলে মনে আনন্দের বন্যা বয়ে যায়। কিছু কিছু স্বপ্ন আছে যা আমাকে কষ্ট দেয়। ইচ্ছা-স্বপ্ন নিয়েই আমাদের জীবন। আমার মনে বড় ধরনের একটি ইচ্ছা আছে তা হলো- আমাদের কর্মশূণ্ডে মা যেন পরিচিতি পান রত্নগর্ভা হিসেবে। আমরা তার সন্তানেরা সব সময় চেষ্টা করছি সম্ভব অনুযায়ী ভালো কাজ করে সামনের দিকে এগিয়ে যাওয়ার জন্য। তিনি না খেয়ে না পরে আমাদের মানুষ করেছেন। আমরা চাই সমাজে ভালো কাজ করে তার মুখ উজ্জ্বল করতে। সেটাই আমার জীবনের সবচেয়ে বড় ইচ্ছা।

এস এম ইকবাল

আলফাডাঙ্গা, ফরিদপুর



## চলচ্চিত্রকার হতে ইচ্ছা করে

মানুষ যতদিন বেঁচে থাকে, ততদিন তার মধ্যে ইচ্ছা বিদ্যমান থাকে। ইচ্ছাই মানুষকে বার বার নতুন করে শুরু করার আশা দেখায়। ইচ্ছাই পারে অধরাকে মানুষের কাছে এনে দিতে। আমি যে ইচ্ছা নিয়ে থাকি

এবং যে ইচ্ছা আমাকে মোহিত করে রাখে, তা হলো বিশ্বমানের

চলচ্চিত্র পরিচালনা করে বাংলাদেশকে বিশ্বের দরবারে উপস্থাপন করা। আমি মনে করি, বিশ্বে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করার অন্যতম মাধ্যম হলো চলচ্চিত্র। চলচ্চিত্র একটা সমাজের সার্বিক দিক তুলে ধরতে পারে। ভালো মানের ও শিক্ষামূলক চলচ্চিত্র মানুষের সামনে উপস্থাপন করতে পারলে তারা উপকৃত হবে। সেইসঙ্গে আমিও তৃপ্তি পাব।

সঞ্জিত মণ্ডল

থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

## যদি শৈশবে ফিরতে পারতাম!

কঠিন, রুঢ় বাস্তবতার মাঝে শৈশবের সেই কোমল দিনগুলোতে ফিরে যেতে প্রচণ্ড ইচ্ছে করে। ৬ নম্বর বাসে দৌড়ঝাঁপ বা বসের ঝাড়ি নয়, এখন বাসার আঙিনায় দৌড়ঝাঁপ



আর

বাবার কর্কশ কণ্ঠের ঝাড়িগুলো খুব বেশি মনে পড়ে। মনে পড়ে বাবার হাসি-মুখে আমাকে জীবন বাণী শোনানোর কথা। স্মার্টফোনে বন্দি ক্ল্যাসিক ছবিগুলো পর্দায় যতই ছুঁয়ে দেখি না কেন, একবার যদি ফিরে যেতে পারতাম দিনগুলোতে! না, বাস্তবতার দৌড়ে ইচ্ছেগুলোর সরাসরি সন্ধান করতে গেলে নিষ্ঠুর বাস্তবতার কাছে আমি ছিটকে যাব। কিন্তু ইচ্ছাশক্তিও

তো দমিয়ে রাখা যায় না। মাঠের ঝাঁপাঝাঁপি আর বাবার ভয়ে কাঁপাকাঁপি এখন শুধুই স্মৃতি, কিন্তু বাবার 'জীবনে কিছু করতে চাইলে খামবি না' কথাটা ভুলিনি। ভুলিনি বাবার হাসিমুখ। বাবার এই জীবন বাণীর ওপর আস্থা রেখেই ৬ নম্বরে বুলছি আর বসের ঝাড়ি শুনছি। এগিয়ে নিচ্ছি জীবনটাকে, মজবুত করছি নিজের অবস্থান। বাবার মুখের হাসিটা যদি এভাবেই রঙিন করা যায়!

এহসান হাবিব শুভ

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, ঢাকা

## এই বিভাগে আপনিও লিখুন জানান আপনার ইচ্ছের কথা

ছবিসহ লেখা পাঠানোর ঠিকানা

সাপ্তাহিক ২০০০

ডেইলি স্টার সেন্টার, ৬৪-৬৫ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ  
ঢাকা-১২১৫, ই-মেইল : newarticle2000@gmail.com